

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

website: www.bb.org.bd

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১১

অগ্রহায়ণ ২৬, ১৪২৪

তারিখ :-----

ডিসেম্বর ১০, ২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশের সকল ইসলামী শরীয়াহ্ ভিত্তিক তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ।

কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণ, ক্ষুদ্র উদ্যোক্তা খাত এবং নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশবান্ধব উদ্যোগ অর্থায়নের নিমিত্তে ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য পুনঃঅর্থায়ন তহবিল গঠন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৩, তারিখঃ সেপ্টেম্বর ১৮, ২০১৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে রক্ষিত তাদের বিধিবদ্ধ তারল্যের রক্ষণীয় মাত্রার উদ্বৃত্ত তারল্য নিয়ে গঠিত 'Islamic Refinance Fund Account' নামক পুনঃঅর্থায়ন তহবিল পরিচালনার নীতিমালা জারী করা হয়েছে। পুনঃঅর্থায়ন তহবিলটি পরিচালনার সুবিধার্থে নীতিমালার অনুচ্ছেদ-২(ক), ২(খ) এবং ৫(ক) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো :

অনুচ্ছেদ	বিদ্যমান	প্রতিস্থাপিত
২(ক)	ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো এ তহবিলে ৩ (তিন) মাস মেয়াদী নবায়নযোগ্য বিনিয়োগ করতে পারবে।	ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো এ তহবিলে ০১(এক) বছর মেয়াদী নবায়নযোগ্য বিনিয়োগ করতে পারবে।
২(খ)	ক্রমিক ১(গ) অনুচ্ছেদে বর্ণিত খাতে অর্থায়নের বিপরীতে ৩ (তিন) মাস মেয়াদী পুনঃঅর্থায়ন প্রদান করা হবে যা সচল ও অশ্রেণীকৃত থাকা সাপেক্ষে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত নবায়নযোগ্য।	ক্রমিক ১(গ) অনুচ্ছেদে বর্ণিত খাতে অর্থায়নের বিপরীতে ০১ (এক) বছর মেয়াদী পুনঃঅর্থায়ন প্রদান করা হবে যা সচল ও অশ্রেণীকৃত থাকা সাপেক্ষে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত নবায়নযোগ্য।
৫(ক)	বাংলাদেশ ব্যাংক থেকে উত্তোলিত পুনঃঅর্থায়ন যোগান প্রতি ত্রৈমাসিক অন্তর মুনাফাসমেত পরিশোধ্য হবে, তবে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত এর বিপরীতে পুনঃঅর্থায়ন ত্রৈমাসিক মেয়াদে পুনঃউত্তোলনযোগ্য হবে।	বাংলাদেশ ব্যাংক থেকে উত্তোলিত পুনঃঅর্থায়ন যোগান ত্রৈমাসিক কিস্তিতে মুনাফাসহ প্রতি বছরে পরিশোধ্য হবে; তবে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত এর বিপরীতে পুনঃঅর্থায়ন ০১ (এক) বছর মেয়াদে পুনঃউত্তোলনযোগ্য হবে।

০৩। সার্কুলারের অপরাপর নির্দেশাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(সাইফুল ইসলাম)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোন: ৯৫৩০১৫৫